

**Christopher Groll**  
Acting Assistant  
Commissioner,  
Office of School Health  
Tweed Courthouse  
52 Chambers Street  
New York, NY 10007

প্রিয় পরিবারবর্গ,

আপনি হয়তো জানেন যে, 5 এবং এরচেয়ে বেশি বয়সী নিউ ইয়র্কবাসীরা এখন বিনামূল্যে কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন নিতে পারবে। আপনার সন্তান, আপনার পরিবার, আপনার স্কুল কমিউনিটি, এবং পুরো সিটির স্বাস্থ্য ও সুরক্ষার জন্য এটা একটি গুরুত্বপূর্ণ সংবাদ!

সিটির টিকাদান প্রয়াশে অংশীদারিত্ব করে, নিরাপদ থাকার জন্য যতটুকু সম্ভব সহজ করার লক্ষ্যে কিছু **স্কুল সাইট ফাইজার ভ্যাকসিনের প্রথম ডোজ, নভেম্বরের কোনও একদিন যোগ্য 5-11 বছর বয়সী শিক্ষার্থীদের অফার করছে**। কোনও অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন নেই, এবং আপনি আপনার টিকা কেন্দ্রের তারিখ ও সময় আপনার স্কুলের কাছ থেকে অথবা [schools.nyc.gov/covid19](https://schools.nyc.gov/covid19) -ওয়েবসাইট থেকে পেতে পারেন।

আপনার সন্তানের জন্য টিকা বা ভ্যাকসিন গ্রহণ নিরাপদ, গোপনীয় ও সহজ। আপনার যা জানা প্রয়োজন তা এখানে দেয়া হলো:

- কোভিড-19 (COVID-19) সংক্রমণ প্রতিরোধে কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন নিরাপদ এবং কার্যকর; নিউ ইয়র্ক সিটিতে ইতোমধ্যেই লক্ষ লক্ষ মানুষ নিরাপদে এই টিকা গ্রহণ করেছে।
- টিকা বা ভ্যাকসিন গ্রহণ করতে আপনার হেলথ ইনস্যুরেন্সের প্রয়োজন নেই—এই ভ্যাকসিনটি বিনামূল্যে দেয়া হয়।
- ভ্যাকসিন গ্রহণ করতে আপনাকে ইমিগ্রেশনের স্ট্যাটাস বা অবস্থার প্রমাণ বা সোশ্যাল সিকিউরিটি নম্বর দিতে হবে না।
- টিকা গ্রহণের সময়, 5-11 বছর বয়সী শিক্ষার্থীদের অবশ্যই পিতামাতা কিংবা বৈধ অভিভাবক, অথবা পিতামাতা বা অভিভাবক দ্বারা নিয়োজিত কোনও প্রাপ্তবয়স্কের সাথে আসতে হবে। যদি শিক্ষার্থী পিতামাতা বা অভিভাবক নয় এমন কোনও প্রাপ্তবয়স্কের সাথে আসে, তবে টিকাদানের সময় টিকা প্রদানকারীকে পিতামাতা বা অভিভাবকের কাছ থেকে ফোনে মৌখিত অনুমতি গ্রহণ করতে হবে।
- টিকা বা ভ্যাকসিন দেয়া হয় প্রশিক্ষিত পেশাদার স্বাস্থ্যকর্মীদের দ্বারা।
- আপনার স্কুলের অস্থায়ী টিকা কেন্দ্র আপনার সন্তানের ফাইজার ভ্যাকসিনের প্রথম ডোজ প্রদান করবে। শিক্ষার্থীর দ্বিতীয় ডোজের জন্য টিকাদানকারী পরিবারদের স্থানীয় কোনও টিকা কেন্দ্রে বা ভ্যাকসিন সাইট সম্পর্কে অবহিত করবে।
- ভ্যাকসিনের সাথে সম্পর্কিত সকল রেকর্ড ও তথ্যের গোপনীয়তা কঠোরভাবে মেনে চলা হয়।
- টিকা কেন্দ্রে টেলিফোনের মাধ্যমে বহু ভাষায় দোভাষী সেবা পাওয়া যাবে।
- যদিও জোর সুপারিশকৃত, বর্তমানে বেশীরভাগ শিক্ষার্থীদের জন্য টিকা গ্রহণ (ভ্যাকসিনেশন) বাধ্যতামূলক নয়। স্কুলে টিকা বা ভ্যাকসিন গ্রহণ সংক্রান্ত বাধ্য বাধ্যকতা সম্পর্কে আপনি [schools.nyc.gov/covid19](https://schools.nyc.gov/covid19) -সাইটে আরও জানতে পারেন।
- আপনাকে আপনার শিক্ষার্থীকে টিকাদান বা ভ্যাকসিনেশনের অবস্থা (স্ট্যাটাস) DOE-এর কোভিড-19 (COVID-19) ভ্যাকসিনেশন পোর্টাল: [vaccine.schools.nyc](https://vaccine.schools.nyc) -এ রেকর্ড করতে উৎসাহিত করা হচ্ছে। এই তথ্য জমাদান, নিউ ইয়র্ক সিটির বিশ্বব্যাপী মহামারী মোকাবেলা এবং নিরাময় প্রচেষ্টায় সহায়তা করবে, এবং DOE স্কুলগুলি এবং বিল্ডিংসমূহ সকল শিক্ষার্থী এবং স্কুলকর্মীদের জন্য যাতে নিরাপদ স্থান হয় সেবিষয়টি নিশ্চিত করতে সহায়তা করবে।

আপনার সন্তানকে টিকাদানের মাধ্যমে, আপনি তাকে, আপনার পরিবারকে এবং কমিউনিটিকে কোভিড-19 (COVID-19) সংক্রমণ থেকে রক্ষা করতে পারেন। টিকা গ্রহণ বা ভ্যাকসিনেশন আমাদের সিটিকে সামনে এগিয়ে নিয়ে যেতে, এবং জীবন-মান উন্নত করতে সহায়তা করে। যদি আপনার সন্তানের বয়স 12 অথবা এরবেশী হয়, অথবা এমন কাউকে জানেন যার টিকা বা ভ্যাকসিন প্রয়োজন, তবে সিটি জুড়ে অ্যাপয়েন্টমেন্ট বা ওয়াক-ইনের মাধ্যমে বিনা খরচে টিকাদানকারী শত শত টিকা কেন্দ্র থেকে একটি আপনি আজই [vaccinefinder.nyc.gov](https://vaccinefinder.nyc.gov) ভিজিট করে খুঁজে নিতে পারেন।

কোভিড-19 (COVID-19) টিকা বা ভ্যাকসিন নিয়ে আপনার যদি কোনও প্রশ্ন থাকে, তবে সকল সত্য প্রমাণিত তথ্যের জন্য [nyc.gov/covidvaccine](https://nyc.gov/covidvaccine) দেখুন। আমরা জোর অনুরোধ করছি যে, আপনি দ্রুত আপনার সন্তানকে ভ্যাকসিন বা টিকা দিন।

বিনীত,

*Christopher Groll*

ক্রিস্টোফার গ্রল (Christopher Groll)

ভারপ্রাপ্ত অ্যাসিস্ট্যান্ট কমিশনার

অফিস অভ স্কুল হেলথ

ডিভিশন অভ স্কুল ক্লাইমেট অ্যান্ড ওয়েলনেস

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন